**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**
আইন বিভাগ, বোর্ড সচিবালয়
রুম নং- ৭০২, লেভেল- ৭, পানি ভবন, ৭২ গ্রীণরোড, ঢাকা।
ফোন: ০২২২২২৩০০৫৫, ইমেইল: dd.legal.bwdb@gmail.com

স্মারক নং-৫৯৬-পাউবো/সচি/আইন/শা-২/লি-১৩৮/১৯৮৩(৪র্থ খন্ড)

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ০২ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে (অতঃপর বোর্ড নামে অভিহিত) বিভিন্ন আইনগত বিষয়ে মতামত/পরামর্শ প্রদানের নিমিত্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর উইং- এর পত্র নং-৪৩০-সলিসিটর/৯১ (অংশ)/১৬৬৮, তারিখ: ০৮/০৬/১৯৯২ এবং পত্র নং-৪৩০-সলিসিটর/৯১(অংশ)/৮৭৮/সলিসিটর/৯২-২৯৯৩, তারিখ: ০৮/১০১৯৬-পাউবো/সচি/আইন/শা-২/লি-১৩৮/১৯৮৩ (৪র্থ খন্ড)/১৯৯২ এর আলোকে জনাব অরবিন্দ কুমার রায়, এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, চেম্বার: ৩০১৯ (এনেক্স), সুপ্রীম কোর্ট বার ভবন, শাহবাগ, ঢাকা- কে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টা হিসেবে এতদ্বারা নিয়োগ প্রদান করা হলো।

### শর্তাবলী

ক) তিনি (বিজ্ঞ আইন উপদেষ্টা) বোর্ড- কে সব ধরনের আইনগত বিষয়ে মতামত/পরামর্শ প্রদান করবেন।

খ) তিনি বোর্ডের সকল প্রকার চুক্তিপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক ভেটিং করার দায়িত্ব পালন করবেন এবং প্রয়োজনবোধে উক্ত চুক্তিপত্রের ওপর আইনগত মতামত/পরামর্শ প্রদান করবেন।

গ) আইনগত মতামতের জন্য বোর্ড হতে কোন নথি/রেকর্ডপত্র বিজ্ঞ আইন উপদেষ্টার কাছে প্রেরণের তারিখ হতে সর্বোচ্চ ১০(দশ) দিনের মধ্যে মতামত প্রদানসহ উক্ত নথি তাঁর নিজস্ব ব্যবস্থাধীনে বোর্ডের আইন বিভাগে ফেরৎ দিবেন। তবে জরুরী ক্ষেত্রে কোন বিষয়ের ওপর আইনগত মতামতের প্রয়োজন হলে সে ক্ষেত্রে বোর্ডের চাহিদা অনুযায়ী সময়সীমার মধ্যে মতামত প্রদান করতে হবে।

ঘ) বিভিন্ন আইনি বিষয়ে আইনানুগ মতামত প্রদানের জন্য বিজ্ঞ আইন উপদেষ্টার অনুকূলে বোর্ড কর্তৃক নির্ধারিত মাসিক সর্বসাকুল্যে ১৫,০০০/- (পনের হাজার) টাকা হারে 'রিটেইনার ফি' একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। তা ছাড়া বোর্ডের নির্ধারিত সিলিং অনুযায়ী তিনি আবাসিক টেলিফোন ব্যবহারের সুবিধা পাবেন।

ঙ) বোর্ডের আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকাকালে তিনি অন্য কোন প্রতিষ্ঠানের আইন উপদেষ্টা নিয়োজিত হতে পারবেন না এবং তিনি বোর্ডের বিরুদ্ধে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন মামলা-মোকদ্দমা পরিচালনা করতে পারবেন না।

চ) তিনি বোর্ডের পক্ষে বিভিন্ন আদালতে বোর্ডের বিজ্ঞ প্যানেল আইনজীবীগণের ন্যায় মামলা পরিচালনা করতে পারবেন। এ ক্ষেত্রে বোর্ডের নির্ধারিত হারে 'ফি/সম্মানী' প্রাপ্য হবেন।

ছ) বোর্ডের অধীনে তাঁর কার্যকালের মেয়াদ অত্র দপ্তরাদেশ জারীর তারিখ হতে পরবর্তী ২ (দুই) বছরের জন্য বহাল থাকবে। তবে কোন দৈবদুর্বিপাক বা অন্য কোন কারণে তাঁর মেয়াদ উত্তীর্ণ হওয়ার প্রাক্কালে পরবর্তী মেয়াদের জন্য নতুন আইন উপদেষ্টা নিয়োগ দেওয়া সম্ভব না হলে এবং তিনি দায়িত্ব পালনে ইচ্ছা পোষণ করলে নির্দিষ্ট সময়ের জন্য তাঁর মেয়াদকাল বর্ধিত করা যাবে। তবে এই মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে জানাতে হবে।

জ) বোর্ড এবং বিজ্ঞ আইন উপদেষ্টা তথা উভয়পক্ষই ৩০(ত্রিশ) দিনের নোটিশ প্রদান সাপেক্ষে যথাক্রমে কর্মচ্যুতি/কর্মত্যাগ করতে পারবেন।

ঝ) এ আদেশ কার্যকর হওয়ার সাথে সাথে বোর্ডের স্মারক নং-১৯৬-পাউবো/সচি/আইন/শাখা-২/লি-১৩৮/১৯৮৩ (৪র্থ খন্ড), তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৩ব:/০১ মার্চ ২০১৭খ্রি: এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

ঞ) এ নিয়োগ অত্র দপ্তরাদেশ জারীর তারিখ হতে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**
আইন বিভাগ, বোর্ড সচিবালয়
রুম নং- ৭০২, লেভেল- ৭, পানি ভবন, ৭২ গ্রীণরোড, ঢাকা।
ফোন: ০২২২২২৩০০৫৫, ইমেইল: dd.legal.bwdb@gmail.com



২। উপরিউক্ত শর্তাধীনে বোর্ডের পক্ষে বিজ্ঞ আইন উপদেষ্টার দায়িত্ব গ্রহণে সম্মত হলে তাঁকে দপ্তরাদেশ জারীর ৭ (সাত) দিনের মধ্যে অতিরিক্ত মহাপরিচারক (প্রশাসন), বাপাউবো, ঢাকা বরাবর সম্মতিপত্র দাখিল করতে হবে, অন্যথায় এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৩। এ আদেশ বোর্ডের মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

স্বাঃ-
(মো: ছাইফুল ইসলাম)
উপপরিচালক (আইন বিষয়ক)
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৫৯৬/১(৩)-পাউবো/সচি/আইন/শা-২/লি-১৩৮/১৯৮৩ (৪র্থ খন্ড) তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ০২ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠত্বের ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিজ্ঞ সলিসিটর, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সুপ্রিম কোর্ট প্রাঙ্গান, ঢাকা।
৩। ব্যক্তিগত সচিব, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

স্বাঃ-
(মো: ছাইফুল ইসলাম)
উপপরিচালক (আইন বিষয়ক)
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৫৯৬/১(১০০)-পাউবো/সচি/আইন/শা-২/লি-১৩৮/১৯৮৩ (৪র্থ খন্ড) তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ০২ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠত্বের ভিত্তিতে নয়)

১। প্রধান প্রকৌশলী (সকল) ..............................................., বাপাউবো, ............................
২। পরিচালক (সকল) ......................................................., বাপাউবো, ...........................
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) ..........................................., বাপাউবো, ..........................
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বাপাউবো- এর ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো
৫। উপ-পরিচালক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ/পরিকল্পনা)/সচিব, বাপাউবো, ঢাকা
৭। জনাব অরবিন্দ কুমার রায়, এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট এবং বিজ্ঞ আইন উপদেষ্টা, বাপাউবো, ঢাকা। গ্রীন হ্যাভেন, স্যুট নং- এ-৭, ৩/৪বি, পুরানা পল্টন, ঢাকা। চেম্বার: ৩০১৯ (এনেক্স), সুপ্রীম কোর্ট বার ভবন, শাহবাগ, ঢাকা। মোবাইল- ০১৭১১৮৫৬৫৬৩। অত্র দপ্তরাদেশের ২নং অনুচ্ছেদ অনুযায়ী অতিরিক্ত মহাপরিচারক (প্রশাসন), বাপাউবো, ঢাকা বরাবর সম্মতিপত্র দাখিলের জন্য অনুরোধ জানানো হলো
৮। জনাব মো: মুক্তাদির রহমান, এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট এবং প্রাক্তন বিজ্ঞ আইন উপদেষ্টা, বাপাউবো, ঢাকা; রুম নং- ১০১৩ (এনেক্স), সুপ্রিম কোর্ট বার ভবন, রমনা, ঢাকা; চেম্বার: কনসুলতা জুরিস, ৮-সি, মেহেরবা প্লাজা, ৩৩ তোপখানা রোড, ঢাকা; সেল ফোন: ০১৫৩২৩৮৯৬৪৮। তাঁর নিকট প্রেরণকৃত অত্র আইন বিভাগের যেসব নথি অদ্যাবধি ফেরৎ দেওয়া হয়নি সেসব নথিসমূহ অতিদ্রুত মতামত/পরামর্শ/ভেটিং- এর মাধ্যমে ফেরৎ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো
৯। অফিস কপি/মাস্টার কপি

০২/১২/২০২১
(শেখ মো: আবদুল খালেদ)
সহকারী পরিচালক (আইন- ২)
বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ৭২১ তারিখঃ ২/১২/২১
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা